

৩০ JUN 2012
১০১ ... ২ ... কমান ... ৫

জাবির ৯০ কোটি ৪০ লাখ টাকার বাজেট পাস

জাবির প্রতিনিধি

গুজরাত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সিনেটের ৩১তম বাজেট অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ অর্থবছরের জন্য ৯০ কোটি ৪০ লাখ টাকার বাজেট পাস করা হয়েছে। জাবির জিপি অধ্যাপক ড. আনোয়ার হোসেনের সভাপতিত্বে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ নাসির উদ্দিন এ বাজেট পেশ করেন। সিনেট অধিবেশনে খাবারের নিয়মান, অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন, বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাকর্মীদের সংরক্ষণ নিশ্চিত, ছাত্র রান্নানীতিতে শিক্ষকদের সম্পৃক্ত না হওয়ার নানা ব্যাপারে সিনেট সদস্যরা মতামত দেন ও ক্ষোভ প্রকাশ করেন। সংসদ সদস্য ডায়নিয়া হুসিন বলেন, শিক্ষার্থীদের সার্বিক কল্যাণের জন্য শিক্ষকদের ভারতে হবে। শিক্ষকদের ছাত্র রান্নানীতিতে হস্তক্ষেপ করা থেকে সরে আসতে হবে। সংসদ সদস্য ও সিনেট সদস্য তালুকদার তৌহিদ জং মুরাদ ক্ষোভ প্রকাশ করে বলেন, আবার পরিবারের ভ্যাগের বিনিময়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হয়েছে। কিন্তু বিগত সময়ে সে ভ্যাগের কোন ফলাফল হয়নি। বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের শিক্ষার পরিবেশ নেই।

ছাত্রদের ব্যবহার করে রান্নানীতি করার প্রবণতা থেকে শিক্ষকদের বেরিয়ে আসতে হবে। এদিকে ২০১২-১৩ সালের মূল চাহিদা বাজেট বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে পাঠানো হয়। পরে মঞ্জুরি কমিশন মূল বাজেটের ৯৫ কোটি ২০ লাখ টাকার পরিবর্তে ৯০ কোটি ৪০ লাখ টাকা বরাদ্দ দেয়। এতে মূল বাজেটের বার্ষিক ঘাটতির পরিমাণ দাঁড়াবে ৫ কোটি ৬০ লাখ টাকা এবং ক্রমপুঞ্জিত ঘাটতির পরিমাণ দাঁড়াবে ১৯ কোটি ৭ লাখ টাকা। এবছর বিভিন্ন ক্ষেত্রে বাজেট কমানো হয়েছে। গবেষণা ও প্রকাশনা বাজেট অংশের বছর ছিল ০.৬৫%, কিন্তু এ বছর কমিয়ে ০.৬০% করা হয়েছে। ছাত্রবৃত্তি ও ফেলোশিপ পত বছর ছিল ০.৯২%, এ বছর ০.৯১% করা হয়েছে। তবে সবচেয়ে বেশি ব্যয় ধরা হয়েছে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি কন্ট্রোলিং ও আনুষঙ্গিক খরচ ৩৪.২২%।